দৈনিক বাংলা

তারিখ 26 NOV 1992
পৃষ্ঠা 8 কলাম 2

1

25

# উচ্চমাধ্যমিকে টাইপ ও শর্টহ্যাণ্ড

পত্রিকান্তরে প্রকাশিত এক খবরে জানা গেছে, যশোর বোর্ডে উচ্চমাধ্যমিক বাণিজ্য শিক্ষাসূচী থেকে শর্টহ্যাণ্ড ও টাইপরাইটিং বাদ দেয়া হয়েছে। আমরা যশোর বোর্ডের এ সিদ্ধান্তটিকে স্বাগত জানাই। একই সঙ্গে আশা করি, অপর তিনটি মাধ্যমিক শিক্ষা বোর্ডও এ বিষয়টি নিয়ে নতুন করে ভেবে দেখবেন।

যশোর বোর্ডের এ সিদ্ধান্ত থেকে কিছু বিতর্ক কিংবা বিতণ্ডা দেখা দেয়া বিচিত্র নয়। ফলে বিষয়টি তলিয়ে দেখার প্রয়োজন আছে। বোর্ডের সিদ্ধান্তের সমর্থনে বলা হয়েছে, শর্টহ্যাণ্ড ও টাইপরাইটিং উচ্চমাধ্যমিক শিক্ষাসূচীর অন্তর্ভুক্ত অন্যান্য বিষয়ের সমমানের নয়। এ মন্তব্যটি প্রণিধানযোগ্য। উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয় উচ্চতর শিক্ষার পটভূমি তৈরীর উদ্দেশ্যে পরিকল্পিত এবং বিন্যস্ত। শর্টহ্যাণ্ড ও টাইপরাইটিং ভিন্ন চরিত্রের। একটি পেশাধারী প্রশিক্ষণ মাত্র। এদিক থেকে উচ্চশিক্ষার সঙ্গে সঙ্গতিবিহীন। অন্যদিকে প্রয়োজনে যে কেউ এ বিষয়টি মাস তিনেকের অনুশীলনে আয়ত্ত করতে পারেন। দু'বছরের শিক্ষা কার্যক্রমে এর অন্তর্ভুক্তি তাই অনেকটাই অপ্রয়োজনীয়।

অভিজ্ঞতায় দেখা গেছে, উচ্চতর শিক্ষার জন্যে অনেকটা অপ্রয়োজনীয় জেনেও বিপুলসংখ্যক শিক্ষার্থী এ বিষয়টিকে নিজেদের শিক্ষাসূচীর অন্তর্ভুক্ত করতে আগ্রহী। এ আগ্রহের একমাত্র কারণ, এতে কম পরিশ্রমে অধিক নম্বর সংগ্রহ করা যায়। অনুরূপ মনোভাব থেকে যে শিক্ষার তেমন অগ্রগতি হতে পারে না, এ কথা বলারও অপেক্ষা রাখে না। অল্প কিংবা বিনাশ্রমে নম্বর পাওয়াই যদি একটা বিষয়ের মূল আকর্ষণ হয়ে দাঁড়ায়, তা সমর্থন পেতে পারে না। উচ্চতর পর্যায়ে বাণিজ্য একটি ব্যাপক এবং গুরুত্বপূর্ণ বিষয়ে পরিণত হয়েছে। শর্টহ্যাণ্ড ও টাইপরাইটিং–এর বদলে অন্য একটি পরিপূরক বিষয় উচ্চমাধ্যমিক বাণিজ্য শিক্ষাসূচীর অন্তর্ভুক্ত হলে তা শিক্ষার মানোন্নয়নে কার্যকর অবদান রাখবে বলেই আমাদের বিশ্বাস।

এ প্রসঙ্গে উল্লেখযোগ্য যে গোটাবিশ্বে শিক্ষা এবং ব্যবহারিক জীবনে যে পরিবর্তনের সূচনা ঘটেছে তাকে এড়িয়ে চলা আমাদের পক্ষেও সম্ভব হওয়ার নয়। এরই মাঝে আমাদের প্রশাসন এবং ব্যবসায় জগতে কম্পিউটার–এর প্রচলন শুরু হয়ে গেছে। এর ফলে টাইপরাইটিং–এর কোনো বাস্তব উপযোগিতা আগামী কয়েক বছরের মধ্যেই থাকবে না। নতুন প্রযুক্তির সঙ্গে সঙ্গতি রাখার উদ্দেশ্যে গোটাবিশ্ব এখন কম্পিউটার বিজ্ঞান আয়ত্ত করতে উঠে-পড়ে লেগেছে। উন্নত বিশ্বে বিদ্যালয় পর্যায়েই এর শিক্ষাদান চালু হয়েছে। উচ্চমাধ্যমিক বাণিজ্যে যদি কোনো ব্যবহারিক শিক্ষা যুক্ত রাখতেই হয়, কম্পিউটার ব্যবহার এবং এ সংক্রান্ত প্রাথমিক তাত্ত্বিক জ্ঞানের কথা বিবেচনা করা যেতে পারে। এ সম্ভাবনার প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করি।